সংবাদ

তারিখ ... ১৫।১।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

000 021

# বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের জন্য চিকিৎসা ভাতা

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা আগামী বছরের জানুয়ারী থেকে চিকিৎসা ভাতা পাবেন। শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান গতকাল এতথ্য জানান।

গতকাল রোববার ওয়াপদা মিলনায়তনে বেসরকারী কলেজ শিক্ষক সমিতির সম্মেলনের সমাপ্তি অধিবেশনে ভাষণদানকালে শিক্ষামন্ত্রী একথা বলেন।

বাসস জানায়, শনিবার দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধনকালে জেনারেল এরশাদ বেসরকারী শিক্ষকদের চিকিৎসা ভাতা দেয়ার যে প্রতিশ্রুতি ঘোষণা করেছিলেন সে অনুযায়ী এই সিদ্ধান্ত নেয়া হল।

ডঃ মজিদ খান বলেন, বেসরকারী কলেজ শিক্ষকদের গেজেটেড কর্মচারীর মর্যাদা দেয়ার প্রস্তাবটিও বর্তমানে সরকারের বিবেচনাধীন রয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের বেতন প্রদান ব্যবস্থাকে সুষম করার জন্যও সরকার কাজ করছেন। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় কম্পিউটার ব্যবস্থা চালু করা হয়েছে।

কম্পিউটার ব্যবস্থার মাধ্যমে দেশের ২ লাখ ৭০ হাজার শিক্ষকের প্রত্যেকের জীবনবৃত্তান্ত তৈরী করা হবে এবং সে অনুসারে প্রত্যেককে পে-স্লিপ দেয়া হবে বলে তিনি জানান। শিক্ষকরা নিজেদের জীবনবৃত্তান্তে কোন অসঙ্গতি আছে কিনা তাও দেখতে পারবেন।